

দি GLA

Greater London Authority (GLA) (গ্রেটার লন্ডন অথরিটি (জিএলএ) আসলে কী?

GLA (জিএলএ) লন্ডনের জন্য হচ্ছে একটা 'মৌখ' সরকার, যারা রাজধানীর বর্তমান এবং ভবিষ্যৎ প্রয়োজনের পরিকল্পনা করে। সমগ্র শহরের পরিকল্পনার জন্য একটা পরিচালক বর্গ থাকা যুক্তপূর্ণ। GLA (জিএলএ) এর দায়িত্ব হচ্ছে পরিবহন, পুলিশ পাহারা, আগুন এবং আপৎকালীন পরিষেবা সমূহ, অর্থনৈতিক বিকাশ, পরিকল্পনা, সংস্কৃতি, পরিবেশ এবং স্বাস্থ্য। যাদের দ্বারা GLA (জিএলএ) গঠিত তারা হল মেয়র, London Assembly (লন্ডন অ্যাসেম্বলি) এবং 600-র বেশি সহযোগী কর্মী।

মেয়র কী করেন?

লন্ডনের মেয়র হচ্ছেন রাজধানীর মুখপাত্র, যাকে লন্ডন বাসীরা প্রতি চার বৎসর অন্তর নির্বাচন করে। মেয়র শহরের সামাজিক, পরিবেশ সংক্রান্ত এবং অর্থনৈতিক বিকাশের নীতি প্রস্তুত করে – যেসব নীতির সাহায্যে শহরের বর্তমান এবং ভবিষ্যৎ উন্নতি হবে। মেয়র নিবিড়ভাবে Transport for London (TfL) (ট্রান্সপোর্ট ফর লন্ডন (টিএফএল), London Development Agency (LDA) (লন্ডন ডেভেলপমেন্ট এজেন্সি (এলডিএ), Metropolitan Police Authority (MPA) (মেট্রোপলিটান পুলিশ অথরিটি (এমপিএ) এবং London Fire & Emergency Planning Authority (LFEPA) (লন্ডন ফায়ার অ্যান্ড এমার্জেন্সি প্ল্যানিং অথরিটি (এলএফইপিএ)-এর সাথে কাজ করে এবং এই সংস্থাগুলি বাজেট নির্ণয় করে।

London Assembly (লন্ডন অ্যাসেম্বলি) কী করে?

London Assembly (লন্ডন অ্যাসেম্বলি)-এর ভূমিকা হচ্ছে মেয়রের কার্যকলাপ, সিদ্ধান্ত এবং নীতিসমূহ নিবিড়ভাবে যাচাই করে মেয়রের ক্ষমতার সমন্বয় করে। মাসে একবার মেয়রের প্রশ্নের সময় জনসাধারণের সামনে এরা মেয়রকে প্রশ্ন করে। অ্যাসেম্বলি লন্ডনবাসীদের গুরুত্বপূর্ণ বিষয়গুলি তদন্ত করে, মেয়রের কাছে প্রস্তাব রাখে এবং পরিণাম ও পরামর্শসমূহ প্রকাশ করে।

আরো বেশি জানতে চান?

GLA (জিএলএ)-এর কাজের ওপর আরো তথ্যের জন্য:

- আমাদের প্রকাশনার সারাংশ পড়ুন – আরবি, বাংলা, চীনা, গ্রীক, গুজরাতি, হিন্দি, পঞ্জাবী, তুর্কী, উর্দু এবং ভিয়েতনামী ভাষায় অনুরোধ করলে পাওয়া যায়। সম্পূর্ণ দলিলের অথবা অন্য ভাষায় অনুবাদের জন্য অনুরোধের ক্ষেত্র অনুযায়ী বিবেচনা করা হবে।
- City Hall -এ আমাদের সাথে দেখা করতে পারেন - যেটা সোমবার থেকে শুক্রবার এবং [খোলা সপ্তাহে](#) 8am থেকে 8pm পর্যন্ত খোলা থাকে।

- একটা সভায় আসছেন - City Hall অথবা একটা বহিঃস্থ অনুষ্ঠানে প্রত্যক্ষভাবে গণতন্ত্র দেখার জন্য।

আমাদের সাথে যোগাযোগ করুন

লন্ডনে লোকে 300-র বেশি ভাষায় কথা বলে এবং GLA (জিএলএ) সবাইকে স্বাগত জানায়। আপনি যদি মেয়র, London Assembly (লন্ডন অ্যাসেম্বলি)-এর কাজের বিষয়ে আরো জানতে চান, কিভাবে City Hall-এ যাওয়া যায় অথবা আমাদের একটা সভা অথবা অনুষ্ঠানে যোগ দেওয়া যায় জানতে চান, তাহলে আপনি আমাদের সাথে যোগাযোগ করবেন।

টেলিফোন: 020 7983 4100

মিনিকম: 020 7983 4458

ফ্যাক্স: 020 7983 4057

ইমেল: mayor@london.gov.uk

The Public Liaison Unit, Greater London Authority, City Hall, The Queen's Walk, More London, London SE1 2AA -এ লিখুন